

স্মারক নম্বর: ১৫.৫৬.৪৭০০.০০০.০৭৩.১৬.০০০২.২৫.১

তারিখ: ১ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
১৫ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: জানুয়ারি-২০২৫ মাসের প্রথম পক্ষের জনমত প্রতিবেদন প্রেরণ।

বিদ্যুৎ পরিস্থিতি: খুলনা মহানগরী ও অন্যান্য উপজেলায় বিদ্যুৎ পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। বিদ্যুৎ নিয়ে জনমনে অস্বস্তি নেই।

স্থানীয় বিষয়: আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট ২০২৬ কে সামনে রেখে খুলনা মহানগর ও জেলার সর্বত্র বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছে নির্বাচন কমিশন, জেলা প্রশাসন এবং আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী। খুলনা জেলা প্রশাসনের নেতৃত্বে ইতোমধ্যে একাধিক প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে। এসব সভায় ভোটকেন্দ্র ব্যবস্থাপনা, ভোটার উপস্থিতি বাড়ানোর কৌশল, কর্মকর্তাদের দায়িত্ব বণ্টন এবং গণভোট বিষয়ে জনসচেতনতা তৈরির ওপর গুরুত্ব দেওয়া হয়েছে। জেলা প্রশাসক ও সংশ্লিষ্ট কর্মকর্তারা জানান, নির্বাচন ও গণভোট যেন শান্তিপূর্ণ, নিরপেক্ষ ও অংশগ্রহণমূলক হয় সে লক্ষ্যেই আগাম পরিকল্পনা নেওয়া হচ্ছে। নির্বাচন কার্যালয় সূত্রে জানা গেছে, খুলনা জেলার ভোটকেন্দ্রগুলো চিহ্নিতকরণ, কেন্দ্রভিত্তিক জনবল তালিকা প্রণয়ন এবং প্রশিক্ষণ কার্যক্রমের প্রস্তুতি চলছে। খুলনা সিটি কর্পোরেশন (কেসিসি) ইউনিয়ন ও নগরীর গুরুত্বপূর্ণ এলাকা-সমূহে ফেস্টুন ও ব্যানার লাগিয়ে গণভোটে 'হ্যাঁ' ভোটের পক্ষে প্রচারণা শুরু করেছে।

পরিবেশ: বর্তমানে খুলনা সিটি কর্পোরেশন এলাকায় ডেঙ্গুর প্রকোপ পুরোপুরি নিয়ন্ত্রণে। খুলনা সিটি কর্পোরেশন এ অবস্থা স্থিতিশীল রাখতে বিভিন্ন এলাকাতে ফগিং অভিযান চলমান রয়েছে। এছাড়া খুলনা সিটি কর্পোরেশন তার পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযান অব্যাহত রেখেছে।

আইন শৃঙ্খলা: খুলনা সিটি কর্পোরেশন এলাকায় আইন-শৃঙ্খলা পরিস্থিতি আগের তুলনায় ভালো। এবং এ পরিস্থিতি স্থিতিশীল রাখতে আইন প্রয়োগকারী সংস্থাগুলো নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এদিকে মাদকবিরোধী অভিযান জোরদার করেছে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরসহ খুলনা মেট্রোপলিটন পুলিশের কয়েকটি ইউনিট।

দ্রব্যমূল্য: খুলনা সিটি কর্পোরেশন এলাকার স্থানীয় বাজারগুলো বিশেষ করে ময়লাপোতা সাক্ষ্য বাজার, গল্লামারী বাজার, সোনাডাঙ্গা কাঁচা বাজার, জোড়াকল বাজার ঘুরে দেখা যায় শীতকালীন শাক-সবজির পর্যাপ্ত সরবরাহের কারণে শাক সবজির দাম ক্রেতাদের হাতের নাগালে। অপরদিকে মাছ-মাংস, মসলার দাম আগের মতোই স্থিতিশীল আছে।

নৈতিক অবক্ষয়: নৈতিক অবক্ষয় রোধকল্পে জেলা প্রশাসন, জেলা তথ্য অফিসের প্রচার ও প্রচারনা অব্যাহত রয়েছে। আইন শৃঙ্খলা বাহিনী সচেষ্ট রয়েছে।

অপপ্রচার: অপপ্রচাররোধে বিশেষকরে গুজব প্রতিরোধে জেলা পুলিশের বিশেষ কার্যক্রম চলমান। কেউ যাতে অপপ্রচার চালাতে না পারে সেইজন্য সার্বক্ষণিক মনিটরিং ব্যবস্থা ও সাইবার নিরাপত্তা কার্যক্রম খুলনায় চলমান আছে। “হেল্প লাইন” দেওয়া নাম্বরে কল করার জন্য বলা আছে।



১৫-০১-২০২৬
গাজী জাকির হোসেন
পরিচালক
০২৪৭৭৭২১৮৪২ (ফোন)
০২৪৭৭৭২১৮৪২ (ফ্যাক্স)
ddinfoklna@gmail.com

মহাপরিচালক (চলতি দায়িত্ব)
মহাপরিচালক-এর দপ্তর, গণযোগাযোগ অধিদপ্তর।

